

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

পরিকল্পনা মন্ত্রণালয়

নীলক্ষেত্র, ঢাকা – ১২০৫

www.napd.gov.bd

এনএপিডি'র উত্তম চর্চা (Best Practices) সংক্রান্ত প্রতিবেদন: ২০২০ – ২১

প্রকাশের তারিখ: ২৮.০৯.২০২০

ক্রমিক নং	উত্তম চর্চার শিরোনাম	উত্তম চর্চার বিবরণ
১.	দ্রুত পেনশন নিষ্পত্তিকরণ	একাডেমিতে ২০১৩ সালের ১৯ সেপ্টেম্বর হতে একাডেমির কর্মকর্তা/কর্মচারীদের পেনশন চালু করা হয়। প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত সময়ের আগেই তাদের পাওনাদি পরিশোধ করা হয়ে থাকে।
২.	একাডেমির কর্মকর্তা, কর্মচারী, প্রশিক্ষার্থী ও অতিথি বক্তাদের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ	একাডেমির কর্মকর্তা, কর্মচারী, প্রশিক্ষার্থী ও অতিথি বক্তাদের স্বাস্থ্য সেবা দেয়ার জন্য একজন কর্তব্যরত চিকিৎসক আছেন। তিনি সার্বক্ষণিক চিকিৎসা দিয়ে থাকেন। এছাড়া একাডেমির বাজেটে প্রতি বছর কর্মকর্তা, কর্মচারী, প্রশিক্ষার্থী ও অতিথি বক্তাদের জ্বরুরি কিছু ঔষধপত্র প্রদানের ব্যবস্থা করা আছে। ইনোভেশন কমিটির উদ্যোগে একাডেমির সকলকে Health Card (স্বাস্থ্য তথ্য সংরক্ষণের নিমিত্ত) প্রদান করা হয়েছে।
৩.	ইন্টারনেট সেবা	একাডেমিতে নিজস্ব কর্মকর্তা/কর্মচারী ও আগত প্রশিক্ষার্থীদের সার্বক্ষণিক ইন্টারনেট সেবা (LAN ও Wifi) দেওয়া হয়। বর্তমানে ৬৫ mbps ব্যান্ড উইথ সাপোর্ট আছে।
৪.	সাইবার ক্যাফে সেবা	৬টি কম্পিউটার সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত একটি সাইবার ক্যাফে আছে। যারাত ৯:০০ টা পর্যন্ত খোলা থাকে। প্রশিক্ষার্থীদের এসাইনমেন্ট প্রিন্টিং এবং স্পাইরাল বাইন্ডিং-এর সুযোগ বিদ্যমান।
৫.	ইলেকট্রনিক হাজিরা	কর্মকর্তা/কর্মচারীদের সঠিক সময়ে অফিসে আগমন ও প্রস্থানের জন্য ইলেকট্রনিক হাজিরার ব্যবস্থা করা হয়েছে। ইহা লবিত্তে অবস্থিত।
৬.	NAPD ক্যাম্পাস ডিসপ্লে সিস্টেম চালু	একাডেমিতে বর্তমান কি কি প্রশিক্ষণ চলছে, অর্থ বছরে কি কি প্রশিক্ষণ দেওয়া হয়, কোর্সে আগত প্রশিক্ষকদের নাম, ক্লাশের বিষয় ইত্যাদি ইলেকট্রনিক ডিসপ্লে মাধ্যমে সার্বক্ষণিক প্রদর্শন করা হয়। কেন্দ্রীয় সার্ভার হতে IP Address ব্যবহারের মাধ্যমে প্রশিক্ষার্থী ক্যাম্পাসের ভিতরে মোবাইল ফোনে ও সকল কার্যকলাপের শিডিউল দেখতে পারেন। ভবিষ্যতে ইন্টারনেটেও দেখা যাবে।
৭.	অনলাইন ভিত্তিক একাডেমির প্রোগ্রাম প্রচার	একাডেমিতে চলমান সকল প্রশিক্ষণ কার্যক্রম routine.napd.ac.bd নামক ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা হচ্ছে। প্রশিক্ষার্থী, প্রশিক্ষক, কোর্স ব্যবস্থাপনা সহ যে কেউ একাডেমির চলমান সকল প্রশিক্ষণ কার্যক্রম এনএপিডি'র ক্যাম্পাসে না এসেও দেখতে পাচ্ছেন।
৮.	Kid's Play কর্ণার চালু	এনএপিডি'র আবাসিক প্রশিক্ষার্থীদের বাচ্চারা Kid's Play কর্ণারে খেলাধুলা করে থাকে।
৯.	অগ্নি নির্বাপন ব্যবস্থা জোরদারকরণ	একাডেমির প্রশাসনিক, ডরমেটরি, সাবস্টেশন, কম্পিউটার ল্যাব ও ক্যাফেটেরিয়া ভবনের প্রত্যেকটি ফ্লোরে Exit সাইন, অগ্নি নির্বাপনী স্ল্যাঙ্কেট, ফায়ার ইন্সটিংগুইসার স্থাপন করা হয়েছে এবং উক্ত যন্ত্রাংশ ব্যবহারের জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রতিবছর দিনব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হয়।

M. Hasan

ক্রমিক নং	উত্তম চর্চার শিরোনাম	উত্তম চর্চার বিবরণ
১০.	NAPD Apps চালুকরণ	Apps- এর মাধ্যমে প্রশিক্ষণার্থীসহ সংশ্লিষ্ট সকলে প্রশিক্ষণ বর্ষপঞ্জি, চলমান কোর্স, আসন্ন কোর্স, দৈনিক প্রশিক্ষণসূচি দেখতে পারেন এবং মনোনয়নপ্রাপ্ত কোর্সে রেজিস্ট্রেশন করতে পারেন।
১১.	প্রশিক্ষণ কার্যক্রমে প্রশিক্ষণ সফটওয়্যারে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ	পূর্বে একাডেমির প্রশিক্ষণার্থীদের তথ্য ব্যবহারের জন্য কাগজে রেজিস্ট্রেশন ফরম পূরণ করে তা ডাটা এন্ট্রি অপারেটরের মাধ্যমে training.napd.ac.bd নামক ওয়েবসাইটে এন্ট্রি করা হত, এইক্ষেত্রে অনেক ডাটা ভুল এন্ট্রি হত এবং বারবার এডিট করার প্রয়োজন হতো। বর্তমানে প্রশিক্ষণার্থীদের দিয়ে অনলাইনে রেজিস্ট্রেশন ফরম পূরণ করানো হচ্ছে যা সরাসরি সফটওয়্যারে সেভ হয় এবং ডাটা নির্ভুলভাবে এন্ট্রি হয়। সফটওয়্যারের ডাটা বিভিন্ন রিপোর্ট তৈরিতে সরাসরি ব্যবহৃত হচ্ছে।
১২.	গবেষণা কার্যক্রম অটোমেশন	পূর্বে একাডেমির গবেষণা আহবান প্রস্তাব গ্রহনসহ সকল কাজ ম্যানুয়ালি করা হত। বর্তমানে research.napd.ac.bd নামক ওয়েবসাইটের মাধ্যমে এই কাজ অনলাইনে সমাধান করা হচ্ছে। গবেষকদের কাছ থেকে প্রস্তাব গ্রহন, তা মূল্যায়নকারীর কাছে প্রেরণ এবং গবেষকদের SMS এর মাধ্যমে status জানানো, গবেষণা রিপোর্ট প্রকাশ, অনলাইন জানুাল, এনএপিডি বার্তা প্রকাশসহ গবেষণা শাখার যাবতীয় কাজ উক্ত ওয়েবসাইটের মাধ্যমে সম্পাদন হচ্ছে।
১৩.	শারীরিক প্রতিবন্ধীদের প্রবেশগম্যতা নিশ্চিতকরণ	শারীরিক প্রতিবন্ধীদের একাডেমিতে প্রবেশগম্যতা নিশ্চিত করণে গাড়ি বারান্দায় কাঠের র্যাম্প নির্মাণ করা হয়েছে। এছাড়া একাডেমির লবিতে একটি বাথরুম Renovate করে প্রতিবন্ধীদের ব্যবহার উপযোগী করা হয়েছে।
১৪.	বীরশ্রেষ্ঠদের নামে ক্লাশরুমের নামকরণ	একাডেমিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সাতটি ক্লাশরুম রয়েছে। ক্লাশরুমগুলোর নাম মহান মুক্তিযুদ্ধে শহীদ জাতির শ্রেষ্ঠ সন্তান সাত বীরশ্রেষ্ঠের নামে নামকরণ করা হয়েছে।

১৪/০২/২০২০
মোঃ মঈনুল হাসান চৌধুরী
উপ-পরিচালক (প্রশাসন)

১৪/০২/২০২০
মির্জা নূর ইসলাম
সহকারী পরিচালক